NABIN CHANDRA COLLEGE LIBRARY
BADARPUR KARIMGANJ
63

নবীনজ্যোতি

NABINCHANDRA COLLEGE MAGAZINE
2010-2011
নবীনচন্দ্র কলেজ পত্রিকা
২০১০–২০১১



Devika Mazumder
H.S. 1st year (Commerce)

Tanuka Dasgupta
H.S. 1st year (Arts)

Rajesh Kumar Das
T.D.C. III year (Arts)

Accno 63

NABINJYOTI

NABIN CHANDRA COLLEGE LIBRARY
BADARPUR KARIMGANJ
63

NABINCHANDRA COLLEGE
BADARPUR :: KARIMGANJ
Estd.1969

EDITORIAL BOARD

Dr. BISHNU CH. DEY
Assistant Prof. Deptt. of Bengali
N.C. College, Badarpur

Dr. MORTUJA HUSSAIN
Associate Prof. Deptt. of English
N.C. College, Badarpur

SRI SOUMITRA CHOUDHURY
Assistant Prof. Deptt. of Economics
N.C. College, Badarpur

SANKAR KR. CHAKRABORTY
Associate Librarian
N.C. College, Badarpur

সকল অধ্যাপক-অধ্যাপিকা,
গ্রন্থাগারিক, শিক্ষাকর্মী, অভিভাবক,
ছাত্র-ছাত্রী সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা।
সকলে সুস্থ ও স্বস্থ থাকুন এই কামনা রইল।।

বিনীত :
কলেজ কর্তৃপক্ষ
নবীনচন্দ্র কলেজ, বদরপুর।

EDITORIAL

It is a great pleasure to bring out this year's College Magazine with a new name ***"Nabinjyoti"****. The present name is completely commensurate with the name of the college. This magazine is a reflection of the literary, socio-economic and scientific works that is being done in the college. Various articles from teachers and students have been incorporated highlighting on literary, scientific and socio-economic condition of the country. Many poems have found place which are of different taste.*

I convey my sincere gratitude to all the teachers and students for helping us to bring out this magazine. Utmost care have been taken to include all the writings with no error, but still for any error responsibility will be shouldered by me.

Thanking You

Soumitra Choudhury
Member
Editorial Board

অধ্যক্ষের কলম

গত বছর 'অধ্যক্ষের কলম'এ লিখেছিলাম— কলেজ শিক্ষার্থীর অন্তর্লীন সৃজনশক্তির অভিব্যক্তি ও বিকাশের মাধ্যম হিসেবে কার্যকরী ভূমিকা পালন করে কলেজ পত্রিকা। আজ যারা ছাত্র, তারাই আগামীদিনের কবি–সাহিত্যিক। এই সম্ভব্যে কবি–সাহিত্যিকের রচনার হাতেখড়ি কলেজ পত্রিকা হওয়াটাই বাঞ্ছনীয়। প্রতিটি বৃক্ষবীজের অঙ্কুরোদগমের একটা সঠিক সময় থাকে। শিক্ষার্থীর মধ্যে যে সম্ভাবনার বীজ নিহিত রয়েছে তার অঙ্কুরোদগম যদি সঠিক সময়ে না হয়, তা হলে সে বীজের মহীরূহে পরিণত হওয়ার সুযোগ নিতান্তই সীমায়িত হয়ে পড়ে। উচ্চশিক্ষা পর্ব সমাপনান্তেই যে সৃজনশীল সাহিত্যকর্মে মনোনিবেশ করতে হবে, এমন ধারণা নিতান্ত অমূলক। সাহিত্য রচনা কর্মের শুভারম্ভ ছাত্রাবস্থায়ই অবশ্যকৃত্য।

বছরান্তে আবারও লিখতে বসে মনে হচ্ছে উপরোক্ত আবেদনটি ছাত্রছাত্রীকে সাহিত্যকর্মে উদ্বুদ্ধ করতে তেমন ফলপ্রসূ হয়নি। কেননা এবারের পত্রিকাটির সম্পাদনা ও প্রকাশনার দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা যে বিষয়টি নিয়ে আক্ষেপ ব্যক্ত করেছেন, তা হল প্রকাশযোগ্য লেখার অপ্রতুলতা। দেখাযাচ্ছে, পত্রিকা প্রকাশে আর্থিক অনটনের চেয়ে লেখার অপ্রতুলতাই প্রধান প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে। সরকারি অর্থানুকূল্য সত্ত্বেও ভাল পত্রিকা বের করা সহজসাধ্য হচ্ছে না।

আসলে বর্তমান প্রজন্মের মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠ্যসূচির বাইরে কোনও গল্প–কবিতা–প্রবন্ধ–নিবন্ধ পড়ার ক্ষেত্রে চরম অনীহা ক্রমশই প্রকটতর হচ্ছে। পড়ার প্রতি অনীহার কারণেই তাদের মধ্যে লেখালেখির প্রতি অনুদ্যম তীব্রতর হয়ে উঠেছে।

গল্প–কবিতা–প্রবন্ধ–নিবন্ধ পাঠ একধরনের অবসর বিনোদনই বটে। তবে আজকাল অবসর বিনোদনের পুরো জায়গাটাই চলে গেছে টেলিভিশন, মোবাইল আর ইন্টারনেটের আবাঞ্ছিত দখলে। তাই গল্প–উপন্যাস–কবিতা–প্রবন্ধ একান্তই ব্রাত্য। আর এই কারণেই ছাত্রছাত্রীর মধ্যে জাগরিত হচ্ছে না লেখালেখির প্রবণতা ও অভ্যেস। বিষয়টি যে অতিশয় অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত, তাতে সন্দেহের অবকাশ নেই।

তা সত্ত্বেও আমরা আশা করব, সাহিত্যকর্মে ছাত্রছাত্রীর এই অনীহা ও অনুদ্যম নিতান্তই সাময়িক। সাহিত্যের প্রতি তাদের আগ্রহ অনতি ভবিষ্যতে বৃদ্ধি পাবে এবং তারা নিজেরাও লেখালেখির মাধ্যমে নিজেকে ও সমাজকে ঋদ্ধ করবে।

যাবতীয় প্রতিকূলতা অতিক্রম করে যাঁদের ঐকান্তিক প্রচেষ্টায় পত্রিকাটির সফল প্রকাশ সম্ভব হয়েছে, সম্পাদক মণ্ডলীর সেই সব সদস্যদের জানাই আন্তরিক ধন্যবাদ।

পরিশেষে আশা করি, 'নবীনজ্যোতি'–র নতুন আলোকে ছাত্র ছাত্রীর অন্তর্লীন সৃজনশক্তির সার্থক উন্মীলন ঘটবে।

অরুণ কুমার সেন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

STAFF OF NABIN CHANDRA COLLEGE, BADARPUR

ACADEMIC SESSION 2010-2011

ADMINISTRATIVE STAFF

Sri Arun Kumar Sen, M.A.	:	Principal i/c

FACULTY OF ARTS

Department of Arabic

1. Dr. Mahtabur Rahman, M.M, M.A, Ph.D.	:	Asstt. Prof. & Head of the Deptt.
2. Dr. Fazlur Rahman Laskar, M.M., M.A. (G. Medalist), Ph.D.	:	Asstt. Prof.
3. Abu Tahir Mahmood, M.A (G. Medalist), M. Phill.	:	Asstt. Prof.
4. Md. Hussain Ahmed, M.A. (NET) M.Phill, PGDTA	:	Part-time Asstt. Prof.

Department of Bengali

1. Dr. Bishnu Chandra Dey, M.A. (NET), Ph.D, Dip in Journalism	:	Asstt. Prof. & Head of the Deptt.
2. Dr. Arjun Chandra Debnath, M.A, M.Phill, Ph.D.	:	Asstt. Prof.
3. Dr. Barnasree Bakshi, M.A, M.Phill, Ph.D.	:	Asstt. Prof.
4. Miss Sushmita Nath, M.A, M.Phill	:	Part-time Asstt. Prof.
5. Md Imdadur Rahman, MM, MA	:	Part-time Asstt. Prof.

Department of Economics

1. Sri Arun Kumar Sen, M.A.	:	Asstt. Prof. & Head of the Deptt.
2. Sri Ananta Pegu, M.A. (NET)	:	Asstt. Prof.
3. Sri Soumitra Choudhury, M.A. (NET)	:	Asstt. Prof.
4. Dr. Nazim Uddin Khadem, M.A. (G. medalist), Ph.D.	:	Asstt. Prof.
5. Miss Anuradha Singh, M.A.	:	Part-time Asstt. Prof.

Department of English

1. Sri Tapan Kumar Chakraborty, M.A.	:	Asstt. Prof.
2. Sri Rajat Bhattacharja, M.A., M.Phill, DCE, PGDTE	:	Associate Prof. & Head of the Deptt.
3. Dr. Paulore. V.D., M.A., M.Phill, PGDTE, Ph.D	:	Associate Prof.
4. Dr Mortuja Hussain, M.A., Ph.D.	:	Associate Prof.

Department of History

1. Sri Sontosh Kumar Dey, M.A.	:	Associate Prof. & Head of the Deptt.
2. Md. Monjural Haque, M.A., M.Phill.	:	Asstt. Prof.

Department of Political Science

1. Sri Debajyoti Dasgupta, M.A., LL.b.	:	Asstt. Prof. & Head of the Deptt.
2. Ms. Babli Paul, M.A., M. Phill, LL.b.	:	Asstt. Prof.
3. Sri Maheswar Deka, M.A. (SLET)	:	Asstt. Prof.
4. Sri Joy Prakash Sarma, M.A.	:	Part-time Asstt. Prof.

FACULTY OF COMMERCE

Department of Commerce

1. Joynal Abedin Tapader, M. Com.	:	Asstt. Prof. & Head of the Deptt.
2. Md. Hedayatullah Choudhury, M. Com. PG Dip. in Journalism & Mass Comm.	:	Asstt. Prof.
3. Ms. Nandita Dutta, M. Sc. (Maths), M.Phil	:	Asstt. Prof.
4. Md. Ikbal Uddin Tapadar, M. Com.	:	Asstt. Prof.
5. Sri Kajal Kanti Nath, M. Com.	:	Asstt. Prof.
6. Ms. Maumita Nath, M.Com	:	Tutor
7. Sri Kartik Bhattacharjee	:	IT Consultant

FACULTY OF SCIENCE

Department of Science

1. Md. Nurul Huda Choudhury, M. Sc. (Physics), B.Ed.	:	Asstt. Prof.
2. Md. Bilal Ahmed, M. Sc. (Chemistry)	:	Asstt. Prof.
3. Sri Biplab Karmakar, M. Sc. (Maths)	:	Asstt. Prof.
4. Miss Supriya Das, M. Sc. (Ecology & Envrl. Sc.)	:	Asstt. Prof.
5. Sri Digambar Shil, M. Sc. (G. Medalist) (Ecology & Envrl. Sc.)	:	Part-time Asstt. Prof.
6. Dr. Anjam Hussain Barbhuiya, M. Sc, Phd (Life Science)	:	Part-time Asstt. Prof.
7. Afzal Hussain Sheikh, M. Sc (Chemistry)	:	Part-time Asstt. Prof.

LIBRARY SECTION

1. Sri Sankar Kumar Chakraborty, M.A (Bengali), M. Lib & Inf. Sc., M.Phil	:	Associate Librarian
2. Sri Barun Kanti Paul, B.A.	:	Library Asstt.
3. Sri Sandip Chakraborty, B.A.	:	Library Bearer.

YOGA AND GYMNASIUM STAFF

1. Md. Miftaul Islam

OFFICE STAFF

1. Sri Debasish Chakraborty	:	Head Office Asstt.
2. Sri Sekhar Das	:	Office Asstt.
3. Md. Abdul Hakim	:	Office Asstt.
4. Sri Kaushik Chakraborty	:	Office Asstt.
5. Sri Sudarshan Chakraborty	:	Honry. Office Asstt.
6. Md. Safique Uddin Ahmed	:	Gr. IV (Head Peon)
7. Md. Luthfur Rahman	:	Gr. IV
8. Sri Bimal Paul	:	Gr. IV
9. Sri Amal Das	:	Gr. IV (Night Guard)
10. Sri Debasish Das	:	Gr. IV (Day Guard)
11. Sri Rajendra Basfor	:	Gr. IV
12. Ms. Debi Rani Dharkar	:	Gr. IV
13. Sri Suman Das	:	Gr. IV

NABIN CHANDRA COLLEGE, BADARPUR

সূচি

● শিক্ষাদান ও গ্রহণে উন্নত তথ্যপ্রযুক্তির ব্যবহার	ঃ	শঙ্কর কুমার চক্রবর্তী	ঃ	1
● স্তনদায়িনী ঃ নারীর বহুস্বরিক রূপের উদ্ঘাটন	ঃ	বিষ্ণু চন্দ্র দে	ঃ	3
● জীবনের জন্য জল	ঃ	শ্রী সৌমিত্র চৌধুরী	ঃ	7
● প্রতিকার	ঃ	সুস্মিতা নাথ	ঃ	9
● দূরদর্শনে	ঃ	কান্তি দে লস্কর	ঃ	10
● কাক কোকিল	ঃ	রূপা সেন	ঃ	10
● শাওনের শেষে	ঃ	প্রণয় রায়	ঃ	10
● নকল	ঃ	হাসিনা সুলতানা চৌধুরী	ঃ	11
● ধন্য আমার গুরুজন	ঃ	শহিদুল ইসলাম	ঃ	11
● নতুন দিনের গানে	ঃ	রসিদা হক	ঃ	12
● প্রথম চাওয়া	ঃ	স্মিতা দাস	ঃ	12
● নারী	ঃ	ঝরনা রানি দাস	ঃ	13
● প্রদূষণ	ঃ	অনামিকা পাল	ঃ	13
● দূর্গাপূজা	ঃ	সুরভি চক্রবর্তী	ঃ	14
● প্রিয়তমা	ঃ	সুমিত দেব	ঃ	14
● প্রথম দেখা	ঃ	সুতপা ভট্টাচার্য	ঃ	15
● কিছু মানুষ গরিব হয়	ঃ	নমিতা দাস	ঃ	15
● মায়ের কোলে লক্ষ্মীসোনা হয়ে থাকব	ঃ	তনুকা দাশগুপ্ত	ঃ	16
● একাকী পথ চেয়ে বসে থাকা	ঃ	সপ্তমী দাস	ঃ	16
● মনের ধারণা	ঃ	পম্পী রায়	ঃ	16
● বই না থাকলে কি হতো	ঃ	আব্দুল হামিদ	ঃ	17
● গোড়ায় গলদ	ঃ	ত্রিদীপ ভট্টাচার্য	ঃ	18
● Achievement	ঃ	Dr. Paulose V.D	ঃ	19
● Our English in a UG English literature Course	ঃ	Rajat Bhattacharya	ঃ	20
● Global Warming, Climate Change and Food Problem	ঃ	Arun Kumar Sen	ঃ	22
● Panchayat System in Ancient India	ঃ	Santosh Kumar Dey	ঃ	25
● Najib Mahfuz : A Brief Sketch	ঃ	Dr. Fazlur Rahman Laskar	ঃ	28
● Women and Decision Making : In the Familial Arena	ঃ	Babli Paul	ঃ	29
● Rationale of Banking Sector Reform in India	ঃ	Hedayatullah Choudhury	ঃ	31
● People's Attitude towards the river Barak : A Study of Badarpur Sub-division, Assam	ঃ	Anuradha Singh, Ananta Pegu	ঃ	35

● Positive thinking - A key to success	ঃ	Md Iqbal Uddin Tapadar	ঃ 38
● Integrity - A Pillar of Wisdom	ঃ	Dr. N.U. Khadem	ঃ 41
● Ibnal-Muqaffa And Kalila Wadimna	ঃ	Md Hussain Ahmed	ঃ 42
● Effects of WTO Agreement in Indian Economy	ঃ	Md Ekbal Hussain Khadim	ঃ 44
● True Thoughts of Life	ঃ	Suriya Y. Laskar	ঃ 45
● Consumer Attitude and Culture Penetrating in our Country	ঃ	Md Tahir Ahmed	ঃ 46
● Some Interesting questions	ঃ	Suriya Y. Laskar	ঃ 46
● Examination is Cricket Match	ঃ	Imdad Hussain	ঃ 47
● Rules of Accounts in my life	ঃ	M. Alom Suman	ঃ 47
● How will you succeed	ঃ	Sarita Rai	ঃ 48
● The Examination	ঃ	Nirma Giri	ঃ 48
● My dream	ঃ	Rosalin Sahoo	ঃ 48
● The morning	ঃ	Eunice Gomes	ঃ 48
● Luck	ঃ	Nirma Giri	ঃ 49
● Education as an Acronym	ঃ	S. Jasmin Laskar	ঃ 49
● Mother	ঃ	Abdul Mukit	ঃ 49
● To my Seniors	ঃ	Payel Dey	ঃ 49

প্রচ্ছদ ঃ পারাদীপ মালাকার, স্নাতক তৃতীয় বর্ষ (কলা)

অলংকরণ ঃ গোষ্ঠ পাখিরা, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ

মুদ্রণ ঃ অভিষেক প্রিন্টার্স, অম্বিকাপট্টি, শিলচর

Correspondence

Principal
Nabin Chandra College
P.O. Badarpur, Dist - Karimganj
Phone No. - 03845-268153
E-mail : n_ccollege@rediffmail.com
wedsite : www.nccollegebdr.org

শিক্ষাদান ও গ্রহণে উন্নত তথ্যপ্রযুক্তির ব্যবহার

শংকর কুমার চক্রবর্তী
সহযোগী গ্রন্থাগারিক

মহাবিদ্যালয়ের শ্রেণিকক্ষে শিক্ষাদান ও গ্রহণে সঠিক শিক্ষা-মূলক যন্ত্রের ব্যবহার ও মূল্যায়ন হল শিক্ষাক্ষেত্রে আই.সি.টি.র (Information Communication Technology) প্রভাবের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আই.সি.টি. শিক্ষাদান ও গ্রহণে যে সব যন্ত্র ব্যবহার করা হয় সে সম্পর্কে তথ্য দেয় এবং শিক্ষাদান ও গ্রহণে আই.সি.টি. ব্যবহারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে।

আই.সি.টি. কি এবং কেন ঃ

ALA Glossary অনুসারে আই.সি.টি.র সংজ্ঞা হল "Information Technology is the application of computer and other technologies to the acquisition, organization, storage, retrieval and dissemination of information" অর্থাৎ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হল প্রযুক্তিবিদ্যার এমন একটি শাখা যার মাধ্যমে বৈদ্যুতিক উপায়ে তথ্য সংগ্রহ, সংযোগ, সংগঠন, প্রচার ও বিতরণ করা যায়। রেডিও, টেলিভিশন, ভিডিও, ডিভিডি, টেলিফোন, (দূরভাষ ও চলভাষ) বেতার ব্যবস্থা, কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার, কম্পিউটার নেটওয়ার্কিং, ভিডিও কনফারেন্সিং, ই-মেল ও ব্লগস আই.সি.টি.-র বৃহৎ সংসারের অন্তর্ভুক্ত, তথ্য প্রযুক্তির যুগে শিক্ষাক্ষেত্রে এর প্রয়োগের গুরুত্ব উপলব্ধি করে এই আধুনিক তথ্য ও সংযোগ পদ্ধতিকে শিক্ষার অন্তর্ভুক্ত করা হয়েছে। এই পদ্ধতিকে সঠিক ভাবে ব্যবহার করার জন্য শিক্ষা-নির্ণায়ক, অধ্যক্ষ এবং প্রযুক্তিবিদরা বিভিন্ন ব্যাপারে অনেক সিদ্ধান্ত নিয়েছেন, যেমন ঃ- প্রযুক্তি পরিকাঠামোর দিকে, শিক্ষণ প্রণালীর ব্যাপারে, আর্থিক দিকে, সর্বোপরি পরিকাঠামোগত ব্যবস্থার দিকে। আই.সি.টি. একদিকে নিজেদের যন্ত্র ব্যবহার করে বেতার সংযোগের মাধ্যমে শিক্ষাকক্ষে কাজ করার সুযোগ দেয়। যারা প্রায়শই আই.সি.টি.-র যন্ত্র, পদ্ধতি ও ব্যবস্থাপনার মধ্যে দিয়ে যান তাদের সর্বদা সাহায্য করে থাকে আই.সি.টি.। আই.সি.টি হল শিক্ষা-পরিকল্পক, সংগঠক, নির্ণায়ক, পদ্ধতি পরিচালক।

শিক্ষাক্ষেত্রে আই.সি.টি.র ব্যবহার ঃ

বৃহৎ অর্থে বলতে গেলে, শিক্ষা নির্ণায়ক, সংগঠক এবং গবেষক প্রত্যেকেই শিক্ষা-ক্ষেত্রে আই.সি.টি.-র গুরুত্বপূর্ণ প্রভাব সম্পর্কে একমত। কিন্তু যেটা ভাববার বিষয় তা হল শিক্ষা ক্ষেত্রে আই.সি.টি.-র কতটা পরিশীলিত ব্যবহার হওয়া উচিত এবং বাস্তবে তা কতটা পূরণ করা সম্ভব।

তথ্য লেখা, রিপোর্ট তৈরি, শিক্ষামূলক পত্রিকার সাথে অন-লাইন সংযোগ, ওয়েবসাইটের মাধ্যমে সংবাদপত্র পাঠ, ই-বুক, ই-র্জানাল পাঠ (মহাবিদ্যালয় গ্রন্থাগারে যা Information Library Network and List Programme এর অন্তর্ভুক্ত) যা শিক্ষা ক্ষেত্রে আই.সি.টি.র প্রভাবকে ব্যক্ত করে এবং মহাবিদ্যালয়ে প্রযুক্তির ব্যবহার কিভাবে হবে তা নির্ণয় করে।

দৈনন্দিন কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার ঃ

তথ্য প্রযুক্তি পরিচালনার পদ্ধতি, পরিকল্পনা এবং প্রযুক্তির বাস্তব ব্যবহারের ইতিহাস— সারা বিশ্বের বিস্তারের গল্প, সফলতা ও ব্যর্থতা থেকে সংগ্রহ করা হয়। নিম্নে বিষয়গুলোকে একক বা সংযুক্ত রূপে দেখানো যেতে পারে।

ক) বিভিন্ন শ্রেণিতে শিক্ষা।
খ) শিক্ষামূলক চ্যানেল।
গ) শিক্ষামূলক বেতার।
ঘ) বেতারের মাধ্যমে পরিচালন।
ঙ) বিস্তারের জন্য গ্রন্থাগার।
চ) প্রযুক্তি ও বিজ্ঞানের বাস্তব ব্যবহার।
ছ) গণ-মাধ্যমের ব্যবহার।
জ) শিক্ষক তৈরিও কাজের সময়ে প্রশিক্ষণ।
ঝ) সংগঠন, প্রস্তুতি ও তথ্য সংগ্রহের প্রযুক্তি।
ঞ) মহাবিদ্যালয় প্রযুক্তি।

আজকের প্রযুক্তি ঃ

বিভিন্ন জায়গায় কি ধরনের প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে তা থেকে শিক্ষা নেওয়া।

ক) পরিকল্পনা মাফিক কাঁচামাল।

খ) গণমাধ্যম।

গ) শিক্ষামূলক ওয়েবসাইট।

ঘ) সংযোগের বিভিন্ন দিক।

রেডিও ও টেলিভিশন ঃ

বিংশ শতাব্দী থেকে রেডিও টেলিভিশন শিক্ষাক্ষেত্রে ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। এক্ষেত্রে আই.সি.টি.-র ব্যবহার তিনভাবে হয়ে থাকে।

১) শ্রেণিকক্ষে যেখানে রেডিও ও টেলিভিশনের মাধ্যমে শিক্ষাদান করা হয়।

২) মহাবিদ্যালয় শিক্ষা প্রচারে যেখানে এমন পদ্ধতির সাহায্যে শিক্ষা দেওয়া হয় এবং এমন প্রযুক্তি শেখানো হয় যা অন্য কোথাও পাওয়া যায় না।

৩) সাধারণ শিক্ষা প্রযুক্তি যা সাধারণ তথ্য নির্ভর শিক্ষার সুযোগ দেয়।

শিক্ষাক্ষেত্রে রেডিও ও টেলিভিশনের সম্প্রচার ঃ

সংযোগমূলক রেডিও সম্প্রচার (আই. আর. আই) দৈনিক প্রথায় ২০-৩০ মিনিট শ্রেণিকক্ষে তৈরি শিক্ষা সম্প্রচারকে বোঝায়। রেডিও-র মাধ্যমে কম সুবিধাযুক্ত অঞ্চলে বিভিন্ন বিষয়ের নির্দিষ্ট স্তরের উপর যেমন অঙ্ক, বিজ্ঞান, স্বাস্থ্য এবং ভাষা— জাতীয় ও আন্তর্জাতিক স্তরে, যা নিয়মিতভাবে শ্রেণিকক্ষে শিক্ষার মান বৃদ্ধিতে সহায়তা করে। ভারত ও দক্ষিণ এশিয়ার দেশগুলিতে আই.আর.আই কার্যকর হয়েছে। অন্যান্য শিক্ষামূলক সংস্থার থেকে আই.আর.আই এ পার্থক্য হল প্রথাগত ও অপ্রথাগত দুধরনের শিক্ষাতেই শিক্ষার মান ও পরিধি বাড়ানো এর প্রাথমিক উদ্দেশ্য।

কেন্দ্রীয় টেলিভিশন অনুষ্ঠান বেতারের সাহায্যে একই পদ্ধতিতে সর্বত্র কাজ করার জন্য সারা দেশে সম্প্রচারিত হয়। প্রত্যেক ঘণ্টায় বিভিন্ন নির্দিষ্ট বিষয় তুলে ধরা হয় এবং শিক্ষামূলক তথ্য দেওয়া হয়। শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের শিক্ষকের সাথে পরিচিতি লাভ করে। নিয়ম কানুন শিক্ষার জন্য একান্ত গৃহশিক্ষক ও থাকেন। চীন দেশে ৪৪টি রেডিও এবং টিভি বিশ্ববিদ্যালয় আছে। ইন্দোনেশিয়ার চীরবুকা বিশ্ববিদ্যালয় এবং ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয় রেডিও ও টেলিভিশন শিক্ষার প্রচলন করেছে, প্রথাগত ও দূরশিক্ষা উভয় ক্ষেত্রেই এই সম্প্রচার অনেকদূর প্রসারিত হয়েছে। এই সম্প্রচার প্রায়ই প্রধানত ছাপার অক্ষরে প্রকাশিত হয় অথবা বেতারে সম্প্রচারিত হয়।

শিক্ষা সমাজকে শিক্ষার্থীকেন্দ্রিক করে তোলার পেছনে আই.সি.টি.-র প্রভাব গবেষণায় দেখা গেছে যে আই.সি.টি.-র ব্যবহার ২১ শতকে শিক্ষার সামগ্রিক উন্নতিতে যথেষ্ট সহায়তা করবে। সঠিক পরিকল্পনা আই.সি.টি-র শিক্ষা পদ্ধতিতে জ্ঞানবর্ধক ও শক্তিবর্ধক করতে পারে যা শিক্ষার্থীকে সারাজীবন সাহায্য করবে। আই.সি.টি-র কম্পিউটার ও নেটওয়াকিং যদি সঠিক ভাবে করা হয় তবে প্রথাগত ছাত্র-শিক্ষক শিক্ষা পদ্ধতিকে আরো উন্নত ও আধুনিক করা সম্ভব হবে। এই পদ্ধতিতে শিক্ষাদান ও গ্রহণ, সম্পূর্ণ সংগঠিত পদ্ধতিতে হবে এবং তা হবে শিক্ষক কেন্দ্রিক ক্ষতিকারক ছাত্রকেন্দ্রিক নয়।

আই.সি.টি. পরীক্ষার জন্য শিক্ষণীয় যন্ত্র, তথ্য গণনা এবং তার বিশ্লেষণ এবং এরপর ছাত্রদের তথ্য গঠন, সংগ্রহ খোঁজার ব্যাপারে সাহায্য করে। শিক্ষার্থীরা নিজেদের মতো করে শিক্ষা নেয়। তাদের শিক্ষা স্বল্পস্থায়ী হয় না, এটা হয় দীর্ঘস্থায়ী এবং গভীর যা তাদের জীবনে অসুবিধা থেকে মুক্তিতে সাহায্য করে। এইভাবে আই.সি.টি. শিক্ষার পচন রোধ করে শিক্ষার প্রতি শিক্ষার্থীর মনোযোগ বৃদ্ধিতে সহায়তা করে।

আই.সি.টি. শিক্ষার্থী, শিক্ষক ও শিক্ষার পরিবেশের মধ্যে সংযোগ ঘটিয়ে শিক্ষা দান করে। এই শিক্ষা পদ্ধতি প্রকৃত পার্থিব শিক্ষাদানের পাশাপাশি বিভিন্ন সংস্কৃতির সাথে পরিচয় ঘটিয়ে শিক্ষার্থীর শিক্ষার পরিধির সাথে সাথে যোগাযোগ ক্ষমতাকে বাড়ায় এবং জ্ঞানকে ঋদ্ধ করে। এটি শিক্ষার বিভিন্ন দিকে শিক্ষার্থীর বিকাশ ঘটায়।

আই.সি.টির শিক্ষা নির্ভর করে— কিভাবে শিক্ষা দেওয়া হচ্ছে এবং কি জন্য দেওয়া হচ্ছে তার উপর। এই শিক্ষা পদ্ধতির প্রধান অসুবিধা হল এটি এখনো কোনো লাভজনক প্রয়াস দেখাতে পারেনি ছাত্রকেন্দ্রিক শিক্ষা ব্যবস্থার। পরিশেষে বলা যায়, যখন শিক্ষা প্রযুক্তি নির্ভর হয় তখন বোঝা যায় না কোনো প্রকল্পের সফলতার মূল কারণ প্রযুক্তি না অন্য কোনো ব্যাপার, না কি দুটির সমন্বয়।

তথ্য সূত্র ঃ

১) ইউনিভার্সিটি নিউজ খণ্ড ৪৮ সংখ্যা ৩৪ আগষ্ট ২৩-২৯, ২০১০।

২) ওয়েবসাইটঃ ডব্লিউ ডব্লিউ ডব্লিউ. আইএনডিজি. ইন।■

''স্তনদায়িনী ঃ নারীর বহুস্বরিক রূপের উদ্ঘাটন''

বিষ্ণু চন্দ্র দে

সহকারী অধ্যাপক, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ

বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন জীবন কাহিনির নগ্ন রূপায়ণের গল্পকার হিসেবে মহাশ্বেতা দেবীর পরিচয় যুক্তিযুক্ত। নারীর অন্তরের কথা, নারীর সমস্যার কথা, নারীর আত্মত্যাগের কথা — একজন নারী লেখকের পক্ষে উন্মোচন করা অনেকটাই সহজ। সেই রকমই নারী জীবনের বিভিন্ন দিকের রহস্য উদ্ঘাটনের বিখ্যাত গল্প মহাশ্বেতা দেবীর 'স্তনদায়িনী'। গল্পটি ১৯৭৭ খ্রিস্টাব্দে 'এক্ষণ' পত্রিকার শারদীয় সংখ্যায় প্রকাশিত হবার সঙ্গে সঙ্গে পাঠক ও সমালোচক মহলে আলোড়ন সৃষ্টি করে।

বিশ শতকের বাংলা কথা-সাহিত্যের প্রতিবাদী ধারার অন্যতম লেখক হিসেবে মহাশ্বেতা দেবীর নাম চিহ্নিত হয়ে থাকে। তিনি দীর্ঘদিন সাংবাদিকতার কাজে নিযুক্ত ছিলেন বলে বাস্তব জীবনকে দেখেছেন একেবারে কাছ থেকে। সেই সঙ্গে মানুষের মনের গহনে ডুব দিয়ে তার অন্তরের গোপনতম রহস্য উদ্ঘাটনের বিদ্যা দক্ষতার সঙ্গে আয়ত্ব করতে সক্ষম হয়েছেন মহাশ্বেতা দেবী।

সামাজিক ক্ষেত্রে সমস্ত লেখক-শিল্পীরই দায় থাকে মানুষের কঠোর জীবনকে উন্মোচন করার। ১৯৮৪- তে 'স্তনদায়িনী' সম্পর্কে মহাশ্বেতা দেবী লিখেছেন— ''... 'স্তনদায়িনী'-র যশোদাকে পশ্চিমবঙ্গ বলে মনে করে লিখেছি।'' গল্পটিকে ব্যঞ্জনার প্রেক্ষিত দেখলে বোঝা যায় — পশ্চিমবঙ্গ হল যশোদারূপী মা, যে তার ধ্বংসের শেষ সীমায় এসে পৌঁছয়। ১৯৯৩- তে মহাশ্বেতা আবার লেখেন — ''... 'স্তনদায়িনী'-র যশোদাকে ছ'মাস আগে বাস্তবে জানলাম। সে সাতবাড়ি ঝি- খেটে নিজের ও সতীনের সন্তানের পালন, সতীন, অপদার্থ স্বামী, সকলের অন্ন জুগিয়ে যাচ্ছে, নিজে ক্ষয় হয়ে যাচ্ছে, বাস্তবের এমন ভিত্তি খুঁজে পেয়ে আমার অবাস্তব লেগেছিল।''

'স্তনদায়িনী' গল্পে যে সমস্ত ঘটনা মুখ্য হয়ে উঠেছে, কিংবা যে সমস্ত বিষয় গল্পের মধ্যে প্রত্যক্ষ হয়ে দেখা দিয়েছে তার প্রধান প্রধানগুলো হল ঃ

১) পুরুষদের বহুগামিতা।

২) অশিক্ষার চূড়ান্ত পর্যায়।

৩) নারীদের যৌবন ধরে রাখার প্রবল উদ্যম।

৪) নারীদের সন্তান প্রতিপালনের প্রতি অনীহা।

৫) প্রাচীন সংস্কারের প্রতি আস্থা।

৬) স্বামী স্ত্রীতে আন্তরিকতা স্বার্থগত।

৭) নারীদেরকে ফল গাছের সঙ্গে তুলনা করা।

৮) যৌথ পরিবার ভাঙনের করুণ বার্তা।

৯) অর্থাভাবে স্তন্য-দুগ্ধ বিক্রয় করা।

১০) জনবলের আকাঙ্ক্ষা।

১১) কর্ম সংস্থান পরিবর্তনের প্রবল চেষ্টা।

১২) শহরমুখী জীবনের প্রতি আকর্ষণ।

১৩) সুপ্ত হৃদয়ে মাঝে মাঝে প্রতিবাদ চিন্তার জাগরণ।

১৪) ঈশ্বরে বিশ্বাস, ইত্যাদি।

'স্তনদায়িনী' গল্পের কেন্দ্রীয় চরিত্র যশোদা। সে জীবিত ও মৃত মিলে সর্বমোট কুড়িটি সন্তানকে গর্ভে ধারণ করেছে। তার স্বামী কাঙালিচরণ। সে ভারি যৌবনা কম বয়সী ও সুবর্তুল স্ফীত স্তনের অধিকারিণী যশোদাকে বিয়ে করে আনে। তাই যশোদার স্তন নিয়ে তার সোহাগ, এবং ভালোবাসা। যুবতী স্ত্রীর স্তনের আকর্ষণেই কাঙালিচরণ ঘুরে ফিরে যশোদার পাশে এসে আশ্রয় নেয়। নইলে সেই সময় ঘরের ছেলেরা বাড়িতে বউ থাকতেও ঝি ও রান্নার মাসীদের ওপর নজর দেয় এবং উপভোগ করে।

যশোদা চরিত্রের দিক থেকে পবিত্র। কিন্তু সে পেশাদার স্তনদায়িনী। গল্পকারের ভাষায়- ''যশোদা পেশাদার জননী, প্রফেশন্যাল মাদার।'' এরজন্য দায়ী হালদারবাবুদের ছোট ছেলে। তাদের বাড়ির নতুন জামাইয়ের স্টুডিবেকার গাড়ি দিয়ে কাঙালিচরণকে ধাক্কা দিলে সে কোনো মতে বেঁচে গেলেও তার পা দুটো ভেঙে যায় এবং পরে কেটে ফেলা হয়। হাসপাতাল থেকে তাকে ক্রাচ বগলে বাড়ি ফিরতে হল। কাঙালিচরণ এখন অকেজো। সংসার চালানোর দায়িত্ব নিতে হল যশোদাকে।

মায়ের মন্দিরে যশোদা স্বামীর সুস্থতার জন্য প্রার্থনা করেছে। অবশেষে একদিন স্বপ্নে ধাইয়ের বেশে দেবী সিংহবাহিনী এসে যশোদাকে অভয় দিয়ে বললেন— তার স্বামী বাড়ি ফিরবে। কাঙালি এখন আর কাজ করতে পারে না, তাই বাড়িতে থাকে। হালদারগিন্নির কৃপায় যশোদা সেই বাড়ির দুধ-মা। গ্রামে বিত্তশালী ও যৌথ পরিবার হিসেবে হালদার বাড়ির অনেক নাম। তাই যৌথ পরিবারে অনেকগুলো বউ। হালদার বাড়ির রীতি অনুসারে বউরা যাতে প্রতি বৎসর একটা করে সন্তান প্রসব করতে পারে এবং সেই সন্তানদের দুগ্ধ পান করাতে গিয়ে তাদের স্তনের আকার ও সন্তান পালনের কাজে শরীর যাতে ভেঙে না যায়, তাই যশোদাকে পেশাদার দুধ-মা হিসেবে নিযুক্ত করলেন গিন্নিমা। যশোদা নিরুপায়। পেটের দায়ে সে এই কঠোর ও পুণ্যের কাজে নিজেকে আত্মসমর্পণ করল। কিন্তু স্তনে দুধ আনতে গেলে তাকেও প্রতি বৎসর একটা করে সন্তান জন্ম দিতে হবে। এরজন্য যশোদা কাঙালিচরণকে মানিয়ে নিয়েছে। তার শরীর এ ব্যাপারে সায় দেয় কি না সে চিন্তা করার ইচ্ছা যশোদার নেই। যশোদার স্তন হৃষ্টপুষ্ট হওয়ার ফলে প্রচুর দুধ হত তাতে। তাই সে কোনো কোনো সময় এক সঙ্গে তিনটি সন্তানকে স্তন্য দিয়েছে।

যশোদা কখনো মাতৃত্ব হওয়া থেকে নিজেকে দূরে সরিয়ে রাখার চেষ্টা করেনি। সে নিজের স্তন দুটিকে নিয়ে বড় গর্ববোধ করে।

হালদার গিন্নিমারও তেরোটি সন্তান। মেয়েদের বিয়ে হয়ে গেছে। ছেলেরাও বিবাহিত। হালদার বাড়িতে যশোদা এখন ভগবতী। যশোদার দুগ্ধসঞ্চয়ে যাতে কোনো ধরনের বিঘ্ন না ঘটে সে দিকে হালদারগিন্নির কড়া নজর রইল। তিনি কাঙালিচরণকে আদেশ দিলেন বাড়িতে রান্না-বান্নার দায়িত্ব নিতে। সারাদিন রান্নাবান্না কষ্টের ব্যাপার। অবশেষে অনেকের যুক্তি ও বিবেকের পরামর্শে কাঙালিচরণ নিরীহের মতো সব মেনে নিল।

এখন কাঙালিচরণ অনেক ভালো ভালো রান্না জানে। এদিকে দেবী সিংহবাহিনীর প্রসাদী পাঁঠার মাথার রান্না খাইয়ে একগুঁয়ে সাহসী মাতাল নবীনকে সে হাত করে নিয়েছে। তারফলে নবীন কাঙালিচরণকে নকুলেশ্বর মন্দিরে পুরোহিতের (পাণ্ডা) কাজ পাইয়ে দিল। প্রত্যহ মন্দিরে পুণ্যার্থীদের ধরে এনে ঈশ্বর দর্শন করিয়ে মোটামুটি ভালই রোজগার করে। যশোদাও হালদার বাড়িতে তৈরি 'ভাত-ব্যঞ্জন' খেয়ে দিন দিন আরো স্বাস্থবতী ও সুন্দরী হয়ে উঠল। দেবী ভগবতীর সঙ্গে তুলনা করে সবাই যশোদাকে শ্রদ্ধা করে। সেই সুবাদে তার উপযুক্ত কন্যা গুলোর তাড়াতাড়ি বিয়ে হয়ে গেল। যশোদার ছেলেদেরকেও সবাই সুদৃষ্টিতে দেখে। একটু বড় হলে যশোদার ছেলেরা পইতে নিয়ে মন্দিরে বহিরাগত যাত্রীদের থেকে ভালো অথ উপার্জন করতে লাগল।

হালদার বাড়ির ছেলে বউরা খুশি। তাদের কাজ করতে হয় না। সন্তানদের নিজের স্তন দিতে হয় না। ''তাঁদের গোপালরা যশোদার স্তন্যে লালিত হচ্ছে বলে তাঁরা যথেচ্ছ গোপাল হতে পারেন বিছানায়। বউদের 'না' বলাবার মুখ রইল না। বউরা খুশি। কেননা দেহের ডোলটি ভালো থাকল। তারা যথেচ্ছ মেম-কাটের জামা ও বডিস পরতে পারল।'' সন্তান পালনের সব কিছুর দায়িত্ব যশোদার। গর্ভদায়িনী মায়েদের সন্তান প্রসব করেই দায়িত্ব শেষ। নিজেকে সুন্দর দেখবার জন্যে 'ইনজেক্সান' দিয়েও স্তন্যদুগ্ধ শুকিয়ে নিচ্ছে। আধুনিক নারী জাতির প্রতি গল্পকারের এ এক কটাক্ষ।

যশোদাকে সকল ঝি-রা বিশ্বাস করে। সে সাক্ষাৎ ভগবতী। যশোদা দুধ মা-এর দায়িত্ব নেওয়ার ফলে হালদার বাড়ির যুবক কিংবা তাদের বাপ-জ্যাঠা-কাকারা স্ত্রী নিয়ে সুখের লীলায় মেতে থাকতে পারে, তাই কাজের ঝি-মাসীরা তাদের থেকে রক্ষা পেয়েছে।

দুধ মা-এর দায়িত্ব নিয়ে হালদার বাড়িতে যশোদার যখন আগমন ঘটে, তখন তার তিনটি মাত্র সন্তান ছিল। হালদার বাড়িতে যশোদা সতেরোটি সন্তানের জন্ম দেয়। এভাবে তার ত্রিশ বছর কেটে গেল। ততোদিনে হালদার গিন্নিও পরলোকের যাত্রী হয়েছেন। গিন্নিমা প্রাচীনকালের সংস্কার নিংড়ে তাঁর শাশুড়ির মত বউদেরও কুড়িটি করে সন্তান হবার আশা করেছিলেন। ''কুড়িটি সন্তান হলে আবার স্বামী-স্ত্রীর বিয়ে হবার নিয়ম ছিল বংশে।'' কিন্তু তাঁর পুত্র-বধূরা বারো-তেরো-চৌদ্দোতেই এই অধ্যায়ের সমাপ্তি ঘোষণা করল। স্বামীর সঙ্গে পরামর্শ করে কেউ কেউ হাসপাতালে গিয়ে সন্তান না হবার ব্যবস্থা করে নিল। এই বাড়িতে সংস্কারের গণ্ডি যাতে কেউ পেরিয়ে না যায় সে ব্যাপারে গিন্নিমা তৎপর ছিলেন। তাই ঘরে কোনো বই-পত্র-পত্রিকা ঢোকানো হত

না। চটি পরে ভাত রান্না ও পরিবেশন করা নিষিদ্ধ ছিল। গিন্নিমার মতে হঠাৎ হাওয়া পরিবর্তন হলে বাড়িতে অশান্তি দেখা দেয়। কিন্তু শেষ পর্যন্ত আধুনিকতার বিষবাষ্প পরিবারটিকে গ্রাস করে ফেলে।

ধীরে ধীরে ছেলেরা শহরমুখী হল। যৌথ পরিবার ভেঙে ছোট হতে লাগল। এদিকে সিংহবাহিনী মন্দিরের পাণ্ডারা নিজেদের মধ্যে কলহে মত্ত হয়ে উঠল। কে বা কারা দেবীর মূর্তি ঘুরিয়ে দিল। দেবী রুষ্ঠ হয়েছেন শুনে গিন্নিমা দুঃখে ভারাক্রান্ত হলেন এবং ''জ্যৈষ্ঠে অসংগত পরিমানে কাঁঠাল খেয়ে দাস্তবমি হয়ে তিনি মরে গেলেন।''

গিন্নি মারা গেলে যশোদার দুঃখ বাড়তে লাগল। যশোদার জন্য হালদার বাড়ির ভাত বন্ধ হয়ে গেল। হালদার বাড়িতে এখন অল্প কয়েকটি মাত্র মানুষের বাস।

নকুলেশ্বর মন্দিরে কাঙালিচরণের রোজগার ভালো। কিন্তু কাঙালিচরণের সঙ্গে যশোদার এখন আর বনে না। প্রায়ই ঝগড়া হয়। কেননা যশোদার মধ্যে আগের সেই যৌবন নেই, স্তন শিথিল। রাগে দুঃখে যশোদা ঘর ছাড়ল।

মন্দিরে প্রায়শ্চিত্ত করে দেবীর মুখ ফেরানো হল। এর নায়ক নবীন। দেবীর মন্দিরে যশোদা তার মনের দুঃখ জানালো। সিংহবাহিনী তাকে উপায় বলে দিলেন। তবুও যশোদার এখন কষ্ট। ছেলেরাও বাপকে অনুসরণ করেছে। কাঙালিচরণ বর্তমান গোলাপিকে নিয়ে থাকে। গোলাপির ভাই মস্ত গুণ্ডা। তাই যশোদা এখানে দুর্বল।

একা একা যশোদার ভালো লাগে না। পঞ্চাশটি সন্তানকে দুধ খাওয়াতে খাওয়াতে তার অভ্যাস হয়ে গেছে, কোলের কাছে একটা সন্তান থাকা চাই, নইলে তার ঘুম আসে না। যশোদার কাছে মা হওয়া একটা নেশায় পরিণত হয়ে উঠেছিল। সকল পথ যখন বন্ধ তখন যশোদা আবার আশ্রয় নিল হালদার বাড়িতে। তবে দুধ মা হয়ে নয়, রাঁধুনি হয়ে। যতদিন যশোদা সন্তান জন্ম দিতে পেরেছে ততোদিন সে লক্ষ্মীরূপী নারীর মর্যাদা পেয়েছে। তখন ''বাসিনীরা তার পা-ধোয়া জল খেত।'' এখন খাবার পর নিজের বাসন মাজতে হয়। হালদার বাড়ির বউ-রা তাকে খোঁটা দেয়, গালাগালি করে। তাই নিরূপায় হয়ে যশোদা গোপনে কাঁদে।

আজকাল যশোদার কাজ ভালো লাগে না। শরীর কেমন কেমন করে। সহায়ক তার কেউ নেই। তবুও সে নিজেকে দুধ মা হিসেবেই ভাবতে ভালোবাসে। প্রত্যহ সবার জন্য রান্না করে, খাওয়ায় কিন্তু নিজে খেতে ভুলে যায়। যশোদা নকুলেশ্বর শিবের কাছে নিজের মৃত্যু প্রার্থনা করে। ধীরে ধীরে সকলে অনুভব করল যশোদা দিন দিন অসুস্থ হয়ে উঠেছে। বামুনের কন্যা বলে কিছু হলে তাদেরকে প্রায়শ্চিত্ত করতে হবে— এই ভয়ে তারা কাতর। যশোদার জ্বর অবস্থায় বড় বউ তার খালি শরীর দেখে বলল— ''বামুন দিদি! তোমার বাঁও মাইয়ের উপরটা লাল মতো দেখায় ক্যান? ইস! দগদগা লাল!''

ডাক্তারের সন্দেহ যশোদার স্তনের 'ম্যামারি গ্ল্যাণ্ডে ক্যানসার' হয়েছে। ডাক্তার বলেছে হাসপাতালে নিয়ে যেতে, কিন্তু যশোদা তাতে সায় দিল না। তার যুক্তি — অনেক সন্তানের জন্ম দিয়েও তাকে হাসপাতাল মাড়াতে হয়নি। কাঙালিচরণ হাসপাতালে গিয়েছিল বলে তার পা কাটা পড়েছে।

এখন যশোদার বয়স পঞ্চাশ। হালদার বাড়ির সকলের ভয় হতে লাগল— দুধ মা বুঝি তাদের ভিটায় মরে, তাই তার স্বামী-সন্তান সবাইকে খবর দেওয়া হল। কাঙালিচরণ তার অপরাধ স্বীকার করে যশোদাকে বাড়ি নিয়ে যাবার প্রতিশ্রুতি দিল। যশোদা কাঙালিচরণের উদ্দেশে হাসপাতালের বিছানায় চোখ বুঁজে অচৈতন্য ভাবে বলতে লাগল — ''দুধ দিলে মা হয়, স-ব মিছে কতা! না নেপাল-গোপালরা দেখে, না বাবুর ছেলেরা উঁকি মেরে এট্টা কতা শুধোয়।''

নবীনের চেষ্টাতেই যশোদাকে হাসপাতালে আনা হয়েছিল। হরি ডাক্তার বলেছেন যশোদার ক্যানসার হয়েছে। যশোদা আর বাঁচবে না। যশোদা খেতে পারে না, তাই তাকে নল দিয়ে খাওয়ানো হয়। তার স্তন ফেটে হা হয়ে গেছে, তা থেকে পঁচা দুর্গন্ধ বেরোয়। শিশুরা দুধ খাবে বলে একসময় স্তন দুটো সাবান মেখে পরিষ্কার করে রাখত যশোদা।

চিকিৎসা পুরোদমে চললেও যশোদা এক অবস্থাতেই আছে। এর থেকে কম আক্রান্ত রোগীরাও আরো আগে মরে। একমাস ধরে মৃত্যুর সঙ্গে লড়াই করে যশোদা হাসপাতালে বেঁচে রয়েছে। যশোদা মাঝে মাঝে একটু আরাম অনুভব করে ''এবং দুর্বল ও আক্রান্ত আচ্ছন্ন মস্তিকে মনে হল, হালদার বাড়ির কোনো ছেলেটা কি ডাক্তার হয়েছে?... এই স্তনকে সে ভাতের যোগানদার জেনে নিয়ত গর্ভ ধরে দুধে ভরে রাখত। স্তনের কাজই দুধ ধরা !''

যশোদা মাঝে মাঝে যন্ত্রণায় চিৎকার করে ওঠে। এক রাতে যশোদার হাত-পা ঠাণ্ডা হয়ে এলো। সে বুঝতে পারল— তার মৃত্যু আসন্ন। চোখ খুলতে না পারলেও যশোদা অনেকের স্পর্শ অনুভব করল দুধ মায়ের মনে হল— সে বিশ্বসংসারকে দুধ দিয়েছে। এই তার গর্ব। কিন্তু যশোদা যখন মরল তখন পাশে কেউ ছিল না, মুখে জলও কেউ দিল না। সময় রাত এগারোটা। গ্রামে

বড়োবাবুর বাড়িতে ফোন করল — বাজল না। পরদিন গাড়িতে করে যশোদাকে শ্মশানে নিয়ে যাওয়া হল। ডোমরা তাকে দাহ করল। বিশ্বসংসারে যিনি দুধ মা তাকে দুধের মূল্য কেউ দিল না। তবুও 'যশোদার মৃত্যু ঈশ্বরের মৃত্যু'।

আমাদের প্রচলিত বিশ্বাসের মধ্যে লেখিকার এটাই আঘাত যে — এ বিশ্বসংসারে যে যত দেয়, সে ততো হারায়। যে অন্যের সুখ প্রার্থী সে নিজে সুখ থেকে বঞ্চিত হয়। সুখ-দুঃখের, পাওয়া না-পাওয়ার এই মহাপ্রলয়ে যশোদা আদর্শ মায়ের দৃষ্টান্ত। 'স্তনদায়িনী'তে ফুটে উঠেছে মায়ের দুটি রূপ ঃ এক — যে মা নিজেকে তিলে তিলে ক্ষয় করে একে একে নিজের ও পরের সন্তানকে জীবন দান করে চলেছে। আর এক মা রয়েছেন — যিনি সন্তান প্রসব করেও তাকে স্তন্য দেন না। কেননা এতে স্তনের আকার শিথিল হয়ে সৌন্দর্যের ব্যাঘাত ঘটায়।

গল্পটিতে সুকৌশলে নারীর বিভিন্ন রূপের পরিচয় ফুটিয়ে তুলতে সক্ষম হয়েছেন মহাশ্বেতা দেবী। যে সমস্ত নারীকে গল্পে লক্ষ্য করা যায় তারা হলেন যশোদা, গিন্নিমা, গিন্নি বাড়ির বউরা এবং হালদার বাড়ির ঝি-চাকর-রা। গল্পে যশোদা স্তনদায়িনী অর্থাৎ দুধ মা। হালদারগিন্নি সংস্কার মানা মধ্যযুগীয় রমণী। তিনি নিজে তেরোটি সন্তানের জননী। তার শাশুড়ি কুড়িটি সন্তানের গর্ভধারিণী হয়েছিলেন। ছেলে বউরা কুড়িটি করে সন্তান জন্ম দিক এই তাঁর ইচ্ছা। কিন্তু হালদার গিন্নির ছেলে বউরা একেবারে আধুনিকা। নিজের সন্তানদেরকে স্তন্যদুগ্ধ পান করতে না দিয়ে ইনজেক্সান মারফত তারা নিজের শরীরের দুধ শুকিয়ে নিয়েছে। আরো এক ধরনের নারী চরিত্র প্রস্ফুটিত হয়ে উঠেছে গল্পটিতে, তারা হল — হালদার বাড়ির ঝি-চাকর। এরা বড় স্বার্থপর। প্রয়োজনে এরা নিজের সর্বস্ব বিলিয়ে দিতে পারে এবং কখনো পবিত্র সেজে সতী-সাধ্বী হয়। যারা যশোদাকে এক সময় ভগবতী বলে শ্রদ্ধা করত, তারাই শেষ পর্যন্ত যশোদার দুর্দিনে বাসন মাজিয়েছে, রান্না করিয়েছে, গালা-গালি দিয়েছে, নানা কটু কথা শুনিয়েছে, ইত্যাদি।

গল্পে প্রধান নারী চরিত্র যদি যশোদা হয়, তবে প্রধান পুরুষ চরিত্র কাঙালিচরণ। 'যশোদা' ও 'কাঙালিচরণ' নাম দুটি অর্থবহ ও যুক্তিপূর্ণ। লেখিকা নাম দুটি নির্বাচনে অনেক গুরুত্ব দিয়েছিলেন বলেই আমাদের দৃঢ় বিশ্বাস। 'যশোদা'-র আভিধানিক অর্থ— যশোমতী অর্থাৎ শ্রীকৃষ্ণের পালনকারিণী মাতা। 'কাঙালি' শব্দের আভিধানিক অর্থ— কাঙাল, ভিক্ষুক, যাচক, অভাবগ্রস্ত, দরিদ্র, অনশনক্লিষ্ট, ইত্যাদি। বাস্তবিক কাঙালিচরণকে গল্পের শুরু থেকে শেষ পর্যন্ত কাঙালই থাকতে দেখা গেছে। অন্যদিকে যশোদা কৃষ্ণের মত বিশ্বসংসার রক্ষাকারী সন্তানদের জননী হয়ে উঠেছে। যে সমস্ত সন্তানরা অভিশপ্ত জীবন নিয়ে জন্ম গ্রহণ করেছে এবং তারফলে তারা মাতৃদুগ্ধ থেকে বঞ্চিত হয়েছে, সেই সমস্ত সন্তানের মাতা যশোদা।

শ্রীকৃষ্ণ যখন বড় হন তখন তিনি মাকে ছেড়ে চলে যান দূরদেশে, মথুরায়। বাস্তব সংসারের দৃষ্টিতে এই ঘটনাকে মাতৃ-দুগ্ধের অপমান মনে হলেও কোনো মা তাঁর মাতৃ-দুগ্ধের বিনিময় কামনা করেন না। বৈষ্ণব পদকারদের মতে কৃষ্ণ মথুরায় চলে গেলে আর প্রত্যাবর্তন করেন নি। ঠিক তদ্রুপ 'স্তনদায়িনী' গল্পের যশোদা যাদেরকে স্তন্যদান করেছিলেন, তারাও গ্রাম ছেড়ে দূরদেশে চলে যায়। যশোদার মৃত্যুর দিনও তাদের দেখা মেলেনি। যশোদা অনুভব করেছিলেন — স্তন্যদুগ্ধ দিলেই যথাযথ মা হওয়া যায় না। তাই যশোদা নামের অর্থটি আমাদেরকে যথাযথই আকৃষ্ট করে এবং শ্রদ্ধায় আপ্লুত করে তোলে।

পুরুষ শাসিত সমাজের কোনো ইঙ্গিত এ গল্পে নেই। শুধু পুরুষের বহুগামিতার কথা মাত্র আছে। নারী তার সংস্কারে, ইচ্ছায়, চেষ্টায়, প্রয়োজনে, বিশ্বাসে সন্তান জন্মদেবার প্রতিযোগিতায় অংশ-গ্রহণ করেছিল। এর রেফারী গিন্নিমা। তিনি মারা যেতেই প্রতিযোগিতা বন্ধ। আধুনিকোত্তর চিন্তা-চেতনায় নারী মনোস্তত্ত্বের দ্বারোদ্ঘাটন করার লক্ষ্যেই বোধহয় মহাশ্বেতা দেবী অনন্যসাধারণ বিষয়কে বেছে নেন। যেখানে নারী মন্দ, সেখানে নারী অন্ধ। যেখানে নারী ঘৃণীয়, সেখানে নারী পূজনীয়। সেই অর্থে নারীর বহুস্বরের পরিচয় 'স্তনদায়িনী' গল্পটি।■

> ''আমি যদি জাগতিক কিংবা স্বর্গীয় ভাষায় ভাষণ দিই কিন্তু হৃদয়ে আমার প্রেম না থাকে তাহলে আমার কথা কানে তালা লাগানো ঘণ্টা বা করতালের আওয়াজ মাত্র। আমি যদি একজন নারীর মতো কথা বলি, যদি সমস্ত নিগূঢ় তত্ত্ব ও দিব্যজ্ঞানে পারঙ্গম হই, যদি পাহাড় টলানোর মতো বিশ্বাস আমার থাকে অথচ হৃদয়ে আমার প্রেম না থাকে তাহলে আমি কিছুই নই। আমার যথাসর্বস্ব যদি বিলিয়ে দিই কিন্তু হৃদয়ে যদি প্রেম না থাকে তাহলে আমার কোনো লাভ নেই।
>
> প্রেম, সহনশীল, মমতাময়। প্রেম ঈর্ষা করে না। গর্বোদ্ধত হয় না, রূঢ় আচরণ করে না, ধৈর্য হারায় না। প্রেম কারও অধর্মাচরণে আনন্দ লাভ করে না। সত্যেই তার পরম প্রীতি। প্রেম অবিচল, সবকিছু বিশ্বাস করে, সবকিছু আশা করে, সর্ব অবস্থায় ধৈর্য ধারণ করে।''
>
> — (বাইবেল। ১. করিন্থীয় ১৩ঃ ১-৭)

জীবনের জন্য জল

সৌমিত্র চৌধুরী
সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ

পৃথিবীর চির বিস্ময় বস্তু হল জল, জলই সেই উপাদান যা দিয়ে তৈরি হয়েছে এই বিশ্বের জীবকুলের বৈভব। জীবদেহ গঠনের মূল উপাদান প্রোটোপ্লাজমের নব্বই শতাংশই জল, যে কোনও মা হয়তো রাগ করবেন যদি তাকে বলা হয় যে মাতৃদুগ্ধের নব্বই শতাংশ জল, জীবের সৃষ্টি হয়েছে জলে এবং জীবের ক্রমবিকাশের সঙ্গে জল ওতপ্রোত ভাবে জড়িত। কিন্তু বর্তমান বিশ্বে সবচেয়ে চিন্তা হচ্ছে বিশুদ্ধ জলের যোগান এবং তার ব্যবহার নিয়ে, বলা হচ্ছে তৃতীয় বিশ্বযুদ্ধ যদি সংগঠিত হয় তা হবে জল নিয়ে। জল নিয়ে টানাপোড়েন আমরা শহরের প্রতিটি অলিগলিতে প্রত্যক্ষ করি। এই জল প্রকৃতির একটি মহামূল্যবান দান যেটাকে মানুষ নষ্ট করে ফেলছে। এই বিশ্ব অচিরেই জল সংকটের দিকে ধাবিত হচ্ছে।

রাষ্ট্রসংঘের হিসাব মতে, এই পৃথিবীতে ১৪০০ কিউবিক কিলোমিটার জল আছে যা এই পৃথিবীকে ৩০০০ মিটার নীচে পর্যন্ত ঢেকে রাখতে পারবে। পৃথিবীতে যত জল আছে তার ২.৭ শতাংশ ব্যবহারের যোগ্য, এবং তার ৭৫.২ শতাংশ মেরুপ্রদেশে বরফ হিসেবে, ২২.৬ শতাংশ পাতালে এবং বাকী ২.২ শতাংশ নদী, নালা, খাল, বিলে আছে।

ভারতবর্ষের কাছে সমস্যাটা আরও তীব্রতর। পৃথিবীর ২.৪৫ শতাংশ স্থল ভারতের অধীনে কিন্তু পৃথিবীর ১৬ শতাংশ মানুষের বাস ভারতবর্ষে। এই দেশে যতটুকু জল আছে তার ৭৪ শতাংশ কৃষিকাজে, ১৮ শতাংশ বিদ্যুৎ উৎপাদনে এবং ৮ শতাংশ গৃহকর্মে ব্যবহৃত হয়। আমাদের দেশে গড়ে বৃষ্টিপাত হয় ১১৭০ মিলিমিটার। তার সঙ্গে তুষারপাত এবং বরফ গলে আমরা সর্বমোট ৪০০০ বিলিয়ন কিউবিক মিটার জল পাই। কিন্তু জল বাষ্পীভূত হওয়ার ফলে যা জল আমরা পাই তা হল ১৮৬৯ বিলিয়ান কিউবিক মিটার, কিন্তু এই জলও পুরোপুরি পাওয়া যায় না বিভিন্ন ভৌগোলিক সীমাবদ্ধতার জন্য। ফলত হিসেব করে দেখা গেছে যে ব্যবহারযোগ্য জল যা আমরা পাই তা হল ১১২৩ কিউবিক মিটার যার মধ্যে ৬৯০ বিলিয়ন জল উপরিভাগে পাওয়া যায় এবং ৪৩৩ বিলিয়ন কিউবিক মিটার ভুগর্ভস্থ জল।

মানুষকে বাঁচতে গেলে তো অনিবার্য ভাবেই জল পান, ধোয়া, রান্না এবং শৌচকার্য করতেই হবে। আমাদের পৃথিবীর রাষ্ট্রসংঘ বলে দিয়েছে প্রতিদিন প্রতি মানুষের অন্তত ৫০ লিটার জল লাগবেই। সেই হিসাবে ২০১০ সালেই ভারতে সেচের জন্য লাগবে ৬৮৮ বিলিয়ন কিউবিক মিটার জল, পানের জন্য ৫৬ বিলিয়ন কিউবিক মিটার, শিল্পের জন্য ১২ বিলিয়ন কিউবিক মিটার, শক্তির জন্য ৫ বিলিয়ন কিউবিক মিটার এবং অন্যান্য ক্ষেত্রে ৫২ বিলিয়ন কিউবিক মিটার।

২০২৫ এবং ২০৫০ খ্রিস্টাব্দে এই পরিমাপ দাঁড়াবে যথাক্রমে সেচে ৯১০ এবং ১০৭২ বি কি মি, পানের জন্য ৭৩ এবং ১৩২ বি কি মি। শিল্পের জন্য ২৩ এবং ৬৫ বি কি মি, শক্তি উৎপাদনের জন্য ১৫ এবং ১৩০ বি কি মি। অন্যান্য ৭২ এবং ৮০ বিলিয়ন কিউবিক মিটার।

উল্লিখিত তথ্যমতে বিরাট জলরাশির প্রয়োজন ভবিষ্যতে মানুষের অস্তিত্ব রক্ষার্থে। জলের শুদ্ধ ব্যবহার এবং জল সংরক্ষণ করা খুবই জরুরী হয়ে পড়েছে। ভারতবর্ষে ঐতিহাসিক সময় থেকেই বৃষ্টির জল সংরক্ষণ করার জন্য পুকুর, খাল, বিল, জলাশয়, সংরক্ষতা করা হয়েছিল, সব বাড়িতেই পুকুর কেটে জল সংরক্ষণ করার একটি প্রথা ছিল। আমাদের বরাক উপত্যকায়ই কয়েক হাজার বা লক্ষ পুকুর ছিল। কিন্তু বর্তমান শহর ভিত্তিক নাগরিক সভ্যতায় দিন দিন পুকুরের অস্তিত্ব লোপ পেয়ে যাচ্ছে। যদিও সরকার বিভিন্ন জায়গায় পুকুর খনন করাচ্ছে বা টাকা দিচ্ছে, কিন্তু এখানেও অনেক দুর্নীতি পরিলক্ষিত হয়। মানুষ কিছু টাকার জন্য নিজের ভবিষ্যৎ জীবন ধ্বংস করতেও পিছপা হচ্ছে না। পঞ্চায়েতগুলি যদি মহাত্মা গান্ধী কর্ম নিশ্চিতকরণ যোজনার মাধ্যমে খনন করে তাহলে ভবিষ্যৎ জল সুরক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে।

তাছাড়া আমরা আমাদের নিজেদের নবনির্মিত বাড়িতে, উপনগরীতে, সরকারী ভবনেও বৃষ্টির জল জমানো এবং সংরক্ষণের ব্যবস্থা করতে পারি। আমরা যদি আমাদের বাড়ির ছাদে, উঠোনের পাশে, বাগানে চৌবাচ্চা বানিয়ে এই জল ধরে রাখি তবে হয়তো

অনেক কাজ হবে। বিদ্যুৎ খরচ বাঁচবে এবং সামগ্রিক অর্থনীতিতে এর একটা ইতিবাচক প্রভাব পড়বে।

জল সংরক্ষণতা যেরকম দরকার তেমনি জলের সদ্ব্যবহার হওয়া খুবই প্রয়োজনীয়, পৃথিবীতে বিশুদ্ধ জলের খুবই অভাব বলতে গেলে নেই। আমরা প্রতিদিন ২ মিলিয়ন টন শিল্প এবং কৃষির আবর্জনা পৃথিবীর জলে মেশাচ্ছি। যথার্থ সৌচকার্য না হওয়ার জল দূষিত হওয়ার একটি প্রধান কারণ।

পৃথিবীতে আড়াইশো কোটি মানুষ ঠিক ঠিক শৌচব্যবস্থা ছাড়াই আছে। পৃথিবীতে জল বাহিত রোগের জন্য বৎসরে যত মৃত্যু হয় তা হিংসায় মৃত্যু থেকে বেশি। অসুরক্ষিত জল প্রতি বৎসর ৪০০ কোটির মত ডাইরিয়া রোগের সৃষ্টি করে এবং যা থেকে ২২ লক্ষের মত মানুষ মারা যায়।

তাহলে দেখা যাচ্ছে জলের সঠিক ব্যবহার হওয়া দরকার এবং জলকে বিশুদ্ধ রাখা প্রয়োজনীয়। জলকে বিশুদ্ধ রাখতে কিছু ব্যবস্থা নেওয়া দরকার যার মধ্যে আছে, শিল্প কারখানা থেকে নির্গত জল নদীতে না ফেলা, পৌরসভার আবর্জনা খালি জায়গায় না ফেলা, সঠিক জলসেচ পদ্ধতি ব্যবহার করা, ইত্যাদি।

মানুষ উন্নয়ন চাইবে এটাই স্বাভাবিক এবং উন্নয়ণের চাকাকে উল্টোদিকে ঘুরানো বোধহয় অসম্ভব, তাই মানুষকে উন্নয়নের সঙ্গে সঙ্গে ভবিষ্যৎ প্রজন্মের কথাও মাথায় রাখতে হবে। মানুষ বিভিন্ন সময় বিভিন্ন সংকট সাহসের সাথে মোকাবিলা করেছে এবং বর্তমান সভ্যতায় পৌঁছেছে। বর্তমান বিশ্বের জলসংকট থেকেও সে বের হয়ে পৃথিবীকে বিশুদ্ধ জলের যোগান দিতে পারবে। শুধু সেটার জন্য চাই সঠিক তথ্য, উপযুক্ত প্রকল্প, দুর্নীতিমুক্ত প্রশাসক এবং উপযুক্ত নেতৃত্ব। এই অভিযানে আমাদের সবাইকে সামিল হতে হবে।■

NABIN CHANDRA COLLEGE is a Partner Institute
with Indira Gandhi National Open University (IGNOU)
New Delhi under Convergence Scheme.

Several Courses are on offer here.

Students of College and also other from outside can apply for admission to a course of their choice in time.

Contact No. : 03845-268153

প্রতিকার

সুস্মিতা নাথ
সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ

মানুষ সমাজবদ্ধ প্রাণী। বুদ্ধি ও মননের শক্তিতে মানুষ অন্যান্য প্রাণীদেরকে অতিক্রম করে পশুর সংকীর্ণস্থবির জীবনযাপনের অভিসম্পাত থেকে মুক্তি পেয়ে, সুন্দর সুস্থ পরিবেশে জীবনযাপন করতে শুরু করেছে। কিন্তু বর্তমান যন্ত্রসভ্যতার দ্রুত উন্নতির যুগে মানবজাতির জৈবিক সুখ স্বাচ্ছান্দ্য অধিক ভাবে আত্মপ্রকাশ করার ফলে যন্ত্র রাক্ষসীর বিষ নিঃশ্বাসে মানবজীবন সংকটাপন্ন হয়ে দাঁড়িয়েছে। মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে ব্যবহার সমগ্র পৃথিবীর বায়ুমণ্ডল ও পবিবেশকে দূষিত করে তুলেছে। ফলে পরিবেশ সম্পর্কে মানবজাতিকে সচেতন করে তোলার জন্য সমগ্র বিশ্বে ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়। ১৯৭২ সলে ৫ জুন স্টকহোমে শুরু হয়েছিল রাষ্ট্রপুঞ্জের মানব পরিবেশ বিষয়ক মহাসম্মেলন। পরিবেশ সংক্রান্ত স্টকহোমের এই সম্মেলনকে প্রথম বৃহৎ আন্তর্জাতিক সম্মেলন হিসেবে চিহ্নিত করা যায়। এই সম্মেলনে ১১৩টি দেশের রাষ্ট্রপ্রধানেরা প্রতিনিধি হিসেবে সেখানে অংশগ্রহণ করেছিলেন। রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভা ৫ জুনকে বিশ্বপরিবেশ দিবস হিসেবে চিহ্নিত করে। তারপর সমস্ত সদস্য দেশের সরকার এবং পরিবেশ সংক্রান্ত কাজকর্মের সংগে যুক্ত বিভিন্ন সংগঠনের কাছে এই দিনটি উদ্‌যাপনের আহ্বান জানায়।

পৃথিবীর বিভিন্ন অঞ্চলের পরিবেশ ভিন্ন-ভিন্ন। কারণ, কোনো-কোনো অঞ্চলে উত্তাপ বেশি আবার কখনও দেখা যায় বৃষ্টির পরিমাণ খুব কম হয়। আবার উত্তাপ যেমন বেশি হয় তেমনি বৃষ্টির পরিমাণ বেশি হয়। এর ফলস্বরূপ পৃথিবীর বিভিন্ন অঞ্চলে ভিন্ন পরিবেশের জন্য মানুষের জীবনধারণ প্রণালীতেও বৈসাদৃশ্য দেখা যায়।

বর্তমানে মানবসভ্যতা এমনভাবে যন্ত্রের জালে আবদ্ধ হয়ে পড়েছে এর ফলস্বরূপ আমাদের পবিবেশ বিভিন্ন ভাবে দূষিত হয়ে চলেছে। শহরের রাস্তায় প্রতিনিয়ত যন্ত্রচালিত যানবাহন থেকে নিঃসৃত পোড়া গ্যাস আমাদের বায়ুমণ্ডলকে দূষিত করে তুলছে। এছাড়া বিভিন্ন শিল্প-কারখানা থেকে বেরোনো ধোঁয়া আমাদের পরিবেশের সংগে-সংগে আমাদের শারীরিক অসুস্থতার কারণও হয়ে উঠেছে। কলকারখানা থেকে পরিত্যক্ত জঞ্জাল নদীর জলে মিশে জলের বিশুদ্ধতা নষ্ট করে দিচ্ছে। নদী আমাদের জল সরবরাহের প্রধান প্রাণকেন্দ্র, সেখান থেকেই আগত জল আমরা কৃষিকার্যে ব্যবহার করি। তাছাড়া আমরা পানও করি, এর ফলস্বরূপ কৃষিক্ষেত্রের জমির যেভাবে উর্বরা শক্তি হ্রাস পাচ্ছে তেমনি মানবজীবন ব্রংকাইটিস, প্লুরিসি, শ্বাসকষ্ট ইত্যাদি রোগের সম্মুখীন হতে শুরু করেছে। আমরা যদি তিন জেলায় বিভক্ত বরাক উপত্যকার দিকে দৃকপাত করি তবে সেখানেও পরিবেশ দূষণের ছবি পরিলক্ষিত হয়। শহরের রাস্তাঘাটের পাশে অপ্রয়োজনীয় বস্তুগুলি ফেলে দেওয়া হচ্ছে। তাছাড়া শহরের মধ্যে নালাতে নোংরা জমে চারিদিক দুর্গন্ধযুক্ত হয়ে প্রত্যেকেরই অসুবিধার বা অসুস্থতার কারণ হয়ে উঠেছে।

পরমেশ্বর আমাদেরকে এই অম্লান সুন্দর পৃথিবীতে প্রেরণ করেছেন। কিন্তু দুঃখের বিষয় আমরা কোনো না কোনোভাবে পৃথিবীকে দূষিত করে যাচ্ছি। আমরা যদি এই মূহূর্ত থেকে পরিবেশ দূষণের প্রতিকারে প্রয়াসী না হই তবে অনাগত উত্তর পুরুষদের জীবনও আমরা সংকটের অভিমুখী করে তুলব।■

"কথা বলার আগে শুনে নেবে, লিখার আগে ভোবে নেবে, খরচ করার আগে আয় করবে, সমালোচনা করার আগে আপেক্ষা করবে, প্রার্থনা করার আগে সকলকে ক্ষমা করবে, মৃত্যুর আগে সমাজকে যা পারবে দিয়ে যাবে।"

(উইলিয়াম আর্থার)

"ইচ্ছার শেষ চরিতার্থতা প্রেমে। প্রেম-কেন, কী হবে, এ-সমস্ত প্রশ্ন থাকতেই পারে না। প্রেমআপনিই আপনার জবাবদিহি আপনিই আপনার লক্ষ্য।"

(প্রেম ।শান্তিনিকেতন ঃ রবীন্দ্রনাথ)

দূরদর্শনে

কান্তি দে লস্কর
স্নাতক ৩য় বর্ষ (কলা)

দূরদর্শনে গানটা গাওয়ার
সুযোগ যদি চান,
বাতলে দেবো উপায়খানা
একটু শুনে যান।
বিজ্ঞাপনের টাকায় এখন
চলছে অনুষ্ঠান,
গানটি ছাড়া সবার মাঝেই
বিজ্ঞাপনের বাণ।
রবীন্দ্র আর নজরুলেতে
নেই যে কারো টান,
কী যে লেখা গানের কথায়
দেয় না যে কেউ কান।
বিজ্ঞাপনের কথা ভরে
লিখুন নিজেই গান,
স্বর চড়িয়ে দিন ভরিয়ে
জুড়াক সবার প্রাণ।
বিজ্ঞাপনের মালিক যদি
গানের খবর পান,
সসম্মানেই ঘটবে সুযোগ
সঙ্গে অন্নদান।।■

কাক কোকিল

রূপা সেন
স্নাতক প্রথম বর্ষ (কলা)

কাককোকিলের রঙ যদি বা এক —
তবু ওদের ভেদ অনেক।
ভোরের আলোয় কাক ওঠে ডেকে,
ঋতুবসন্তে কোকিল ডাকে।
কাকের ডাকে কানে তালা,
কোকিলের কুহু করে ভুবন ভোলা।
নোংরা-পচা খেয়ে কাক —
পরিবেশকে রাখে সাফ্।
কাকের বাসায় কোকিল এসে,
ডিম পেড়ে যায় মনের সুখে।
কাককে বলে ধূর্ত পাখি
কিন্তু কোকিল দেয় যে ফাঁকি।
কোকিল হলো বসন্ত সখা,
কাক কি তবে শুধুই বোকা?■

শাওনের শেষে

প্রণয় রায়
উচ্চতর মাধ্যমিক (কলা)

আজি শাওনে মল্লারের গানে,
ঝুলন ঝুলিছে নীরদ গগনে।
দিবা রাত্রি যায় কেটে, বৃষ্টি শুনে শুনে,
রোদ্দুর ছটা দেখিনা আশমানে।
শশাঙ্ক লুকোচ্ছে বারিধরের পিছনে,
আকাশের ঐ বিজলির কারণে।
বসুন্ধরার অভিষেক চলছে সাড়ম্বরে,
শরতে শারদার আগমনীর জন্যে।■

নকল

হাছিনা সুলতানা চৌধুরী
উচ্চতর মাধ্যমিক দ্বিতীয় বর্ষ (কলা)

যদি পরীক্ষা দিতে নকল কর
একদিন পাবে তার ফল।
কাঁদবে শুধু একা বসে
